

রোববার

২৪ এপ্রিল ২০২২
১১ টপান ১৪০৯ / ২২ টপান ১৪০৯
১৬ পূর্বা / ১০ টপান

সমকাল

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

মূল কাগজের চেতনকে
ফিচার আয়োজন
সাহস। সমতা

১৪

রোনালদোকো
ছাড়া পরের
চ্যাম্পিয়ন কিং!

৪

এম হাফিজ উদ্দিন খানের
নিবন্ধ- হাওরাঞ্চলে ফসলহানি
নিয়তি হতে পারে না

১০

গানের
আয়োজনে
অভিনয়শিল্পীরা

প্রযুক্তি প্রতিদিন

projuktiprotidin@gmail.com

উদ্ভাবনী স্টার্টআপে ১০ লাখ টাকা পর্যন্ত
অনুদান দিচ্ছে আইডিয়া প্রকল্প

তথ্যপ্রযুক্তিভিত্তিক উদ্ভাবনী আইডিয়ায় ১০ লাখ টাকা পর্যন্ত অনুদান দিচ্ছে আইসিটি বিভাগের 'উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ আইডিয়া প্রকল্প'। উদ্যোক্তাদের আবেদন পাওয়ার পর আইডিয়া যাচাই-বাছাই সাপেক্ষে এ অনুদান দেওয়া হচ্ছে। সম্প্রতি আগারগাঁওয়ের আইসিটি টাওয়ারে 'আইডিয়া পোর্টফোলিও স্টার্টআপস লেসনস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক কর্মশালায় এ কথা জানানো হয়। কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) আইডিয়া প্রকল্প আয়োজিত এ কর্মশালায় অনুদানপ্রাপ্ত ১৮টি উদীয়মান স্টার্টআপের প্রতিষ্ঠাতারা অংশ নেন। কর্মশালায় স্টার্টআপ উদ্যোক্তারা অনুদান গ্রহণের পর থেকে তাদের অর্জন, ব্যবসায়ের অবস্থা, সীমাবদ্ধতা, চ্যালেঞ্জ ইত্যাদি বিষয় তুলে ধরেন।

একই সঙ্গে এসব
উদ্যোক্তার

থেকে স্টার্টআপ ইকোসিস্টেম গঠনে বিভিন্ন পরামর্শও নেয় আইডিয়া প্রকল্প। অনুষ্ঠানে সিনিয়র আইসিটি সচিব এনএম জিয়াউল আলম, বিসিসি নির্বাহী পরিচালক আব্দুল মান্নান, আইডিয়া প্রকল্পের প্রকল্প পরিচালক আলতাফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সিনিয়র আইসিটি সচিব বলেন, তরুণ উদ্ভাবকদের সক্ষমতা বৃদ্ধি করার মাধ্যমে আরও দক্ষ করে গড়ে তুলতে পারলে বাংলাদেশে একটি শক্তিশালী স্টার্টআপ ইকোসিস্টেম গঠন করা সহজ হবে। আইডিয়া প্রকল্পের পরিচালক আলতাফ হোসেন বলেন, আইডিয়া প্রকল্প প্রযুক্তি নির্ভর স্টার্টআপদের অনুদান প্রদানের পাশাপাশি প্রয়োজনীয় মেন্টরিং, প্রশিক্ষণ, কর্মশালাসহ নানা ধরনের সহায়তামূলক কার্যক্রম গ্রহণ করেছে এবং আগামীতেও চলমান থাকবে। আবেদনসহ বিস্তারিত জানা যাবে www.idea.gov.bd ঠিকানায়।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক

